# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭০৩

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ মানুষের জন্য মুস্তাহাব হলো তাকে দুনিয়ার যা কিছু দেওয়া হয়েছে, তাতে সন্তুষ্ট থাকবে সাথে সাথে ইসলাম ও সুন্নাহ মাফিক চলবে

ذِكْرُ اسْتِحْبَابِ الِاقْتِنَاعِ لِلْمَرْءِ بِمَا أُوتِيَ مِنَ الدُّنْيَا مَعَ الْإِسْلَامِ وَالسُّنَّةِ

---

আরবী

703 ـ أَخْبَرَنَا بَكْرُ بْنُ أَحْمَدَ بْنِ سَعِيدٍ الْعَابِدُ الطَّاحِيُّ بِالْبَصْرَةِ قَالَ: حَدَّثَنَا نَصْرُ بْنُ عَلِيِّ بْنِ نَصْرٍ الجهضمي قال: أخبرنا المقرىء قال: حدثنا حيوة بن شريح قالك حدثنا أبو هانىء: أَنَّ أَبَا عَلِيٍّ الْجَنْبِيَّ أَخْبَرَهُ أَنَّهُ سَمِعَ فَضَالَةَ بْنَ عُبَيْدٍ يَقُولُ: إِنَّهُ سَمِعَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (طُوبَى لِمَنْ هُدِيَ إِلَى الْإِسْلَامِ وَكَانَ عَيْشُهُ كَفَافًا وقَنَّعَهُ الله به)

الراوي : فَضَالَة بْن عُبَيْدٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 703 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৭০৩. ফাযালা বিন উবাইদ রাদ্বিয়াল্লাহু তা‘আলা আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, “শুভ সংবাদ ঐ ব্যক্তির জন্য যাকে ইসলামের হেদায়েত দেওয়া হয়েছে, পরিমিত রিযিক দেওয়া হয়েছে এবং আল্লাহ তাঁকে তাতেই সন্তুষ্ট রেখেছেন।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/১৯; তিরমিযী: ২৩৪৯; তাবারানী, আল কাবীর: ১৮/৭৮৬; হাকিম, আল মুসতাদরাক: ১/৩৪; আব্দুল্লাহ বিন মুবারাক, আয যুহদ: ৫৫৩; মুসনাদুশ শিহাব: ৬১৬।

আল্লামা শু‘আইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী

রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১৫০৬।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ ফাযালা বিন উবাইদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89205

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন